গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা

(কর প্রশাসন-১ শাখা)।

## প্রজ্ঞাপন

নং-০৮.০১.০০০০.০১৯.১১.০০১.১৫-১৩৭ তারিখ ঃ ০৩/০১/২০১৬ খ্রিঃ।

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং ৮০.১০৪.০১১.০০.০০.০১০.২০১১/৫১৪ তারিখ- ৩০/০৮/২০১৫ এর মাধ্যমে সুপারিশকৃত এ প্রজ্ঞাপনের ৩ নং অনুচ্ছেদে বর্ণিত ১৩ (তের) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০(দশম) গ্রেড অনুসারে টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০/- বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন আয়কর অনুবিভাগে অতিরিক্ত সহকারী কর কমিশনার পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে বিসিএস কর একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অন্যূন ০২(দুই) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিস মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিস মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ- (ক) ও (খ) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ- (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে প্রশিক্ষণে যেতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servant (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে **আগামী ১৪.০১.২০১৬ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে** জাতীয় রাজস্ব বোর্ডে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

০৩। পদের নাম ঃ অতিরিক্ত সহকারী কর কমিশনার

নিয়োগপ্রাপ্ত ঃ ১৩ (তের) জন।

| ক্রমিক নম্বর | মেধাক্রম | নাম | জন্ম তারিখ | নিজ জেলা | রেজিস্ট্রেশন নং |
|---|---|---|---|---|---|
| ১. | ১ | জনাব অভিজিৎ কুমার দে | ২৫/৮/১৯৮৭ | যশোর | রেজিঃ নং-০১৪২৩২ |
| ২. | ২ | জনাব আব্দুল হক | ৩১/১২/১৯৮৮ | নেত্রকোনা | রেজিঃ নং-০২১৮৭৬ |
| ৩. | ৩ | জনাব মোঃ হাদিউল ইসলাম সৈকত | ৩১/১২/১৯৮৯ | গাজীপুর | রেজিঃ নং-০৩৫৩৪০ |
| ৪. | ৪ | জনাব মোঃ মনিরুল ইসলাম | ০১/০১/১৯৮৩ | সাতক্ষীরা | রেজিঃ নং-০০৫৪০৩ |
| ৫. | ৫ | জনাব কামাল হোসেন | ০৭/০৯/১৯৮৯ | চাঁদপুর | রেজিঃ নং-০৭৯১৬৪ |
| ৬. | ৬ | মিজ সাদিয়া রহমান | ২০/১২/১৯৮২ | ময়মনসিংহ | রেজিঃ নং-৩০৩৭৯১ |
| ৭. | ১০ | জনাব কুমার রিপন মোদক | ০২/০৭/১৯৮৪ | বগুড়া | রেজিঃ নং-০৬৬৮৯৩ |
| ৮. | ১১ | জনাব এ, এন, এম মাহবুবুর রহমান | ১০/০৮/১৯৮৫ | ময়মনসিংহ | রেজিঃ নং-০৬৮২৩৮ |
| ৯. | ১২ | জনাব নূর মোহাম্মদ | ১৮/০১/১৯৮৭ | কিশোরগঞ্জ | রেজিঃ নং-০১৬০৫০ |
| ১০. | ১৩ | জনাব মোঃ মাইন উদ্দিন | ১৫/০২/১৯৮৪ | ভোলা | রেজিঃ নং-০৫০৬৫৫ |
| ১১. | ১৪ | জনাব মোঃ জহুরুল ইসলাম | ২০/০৩/১৯৮৫ | রাজশাহী | রেজিঃ নং-২০৮৫৩৩ |
| ১২. | ১৫ | মোহাম্মদ সাদেক হোসেন খোকা | ০২/১২/১৯৮৬ | কিশোরগঞ্জ | রেজিঃ নং-০১৯৮৫০ |
| ১৩. | ১৬ | সৈয়দা নীলিমা আক্তার | ২৯/১০/১৯৮৫ | নরসিংদী | রেজিঃ নং-৬০১৩৬৪ |

০৪। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রাজ্জাক)
সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)

উপ পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

নং-০৮.০১.০০০০.০১৯.১১.০০১.১৫-১৩৭ তারিখ ঃ ০৩/০১/২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা।
৩. সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
৫. জনাব.........................................................................................
.........................................................................................................
৬. ব্যক্তিগত নথি।

০৩/০১/১৬

(মোসাঃ সেলিনা খাতুন)
দ্বিতীয় সচিব (কর প্রশাসন-১)